কোটচাঁদপুরে মালবাহী ট্রেনের বগি লাইনচ্যুত, ৫ ঘন্টা রেল চলাচল বন্ধ

ঝিনাইদহের কোটচাঁদপুরে সাফদারপুর রেল স্টেশন এলাকায় মালবাহী ট্রেনের একটি বগি লাইনচ্যুত হয়। এতে সাময়িক বন্ধ হয়ে যায় খুলনার সাথে রাজশাহীসহ উত্তরবঙ্গ ও ঢাকা রুটের ট্রেন চলাচল।

‎‎বৃহস্পতিবার (২১ মে) রাত ৩ টার দিকে কোটচাঁদপুরের সাফদারপুর রেল স্টেশন এলাকায় এ ঘটনা ঘটে।

‎‎সাফদারপুর স্টেশন মাস্টার রিপন আলী জানান, খুলনার মোংলা থেকে ছেড়ে আসা ঈশ্বরদীগামী একটি মালবাহী ট্রেন সাফদারপুর স্টেশনের কাছে পৌঁছালে রাত ৩ টার দিকে পেছনের একটি বগি লাইনচ্যুত হয়। এতে বন্ধ হয়ে যায় খুলনার সাথে রাজশাহীসহ উত্তরবঙ্গের রেল চলাচল।

সকাল ৭ টায় খুলনা থেকে একটি উদ্ধারকারী ট্রেন ঘটনাস্থলে পৌছে উদ্ধার কাজ সম্পন্ন করে। দীর্ঘ ৫ ঘন্টা পর সকাল ৮ দিকে ট্রেন চলাচল স্বাভাবিক হয়েছে বলে জানিয়েছেন তিনি।

ঝিনাইদহের ৫০টি গ্রামের মানুষ স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত

উদ্বোধনের দীর্ঘ সময় পেরিয়ে গেলেও এখন পর্যন্ত চালু করা হয়নি ঝিনাইদহের মহেশপুর উপজেলার ভারত সীমান্তঘেঁষা ভৈরবা এলাকায় নির্মিত ২০ শয্যাবিশিষ্ট হাসপাতালটি।

ফলে উপজেলার অন্তত ৫০টি গ্রামের লাখো মানুষ প্রাথমিক ও জরুরি স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত থাকছেন। এ নিয়ে স্থানীয়রা একাধিকবার সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ দিয়েও কোনো প্রতিকার পাননি।

জানা গেছে, ঝিনাইদহ জেলা শহর থেকে অন্তত ৬০ কিলোমিটার দূরে মহেশপুর উপজেলার ভৈরবা গ্রামের সাকোরখাল এলাকায় ২০২৩ সালের ২৫ অক্টোবর ২০ শয্যাবিশিষ্ট হাসপাতালটি উদ্বোধন করা হয়। প্রায় ২০ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই হাসপাতালটি সীমান্তবর্তী গ্রামের মানুষের চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে নির্মাণ করা হলেও এখন পর্যন্ত হাসপাতালটির কার্যক্রম শুরু করা হয়নি।

চালু না হওয়ায় হাসপাতালের ভবনসহ বিভিন্ন যন্ত্রপাতি ইতোমধ্যে নষ্ট হতে শুরু করেছে। বিভিন্ন স্থানে পলেস্তারা খসে পড়ছে, দেয়ালে ফাটল দেখা দিয়েছে। রক্ষণাবেক্ষণের অভাবে হাসপাতালের বেশ কিছু যন্ত্রপাতি চুরি হয়ে গেছে।

হাবিবুর রহমান নামের এক স্থানীয় বাসিন্দা বলেন, “হাসপাতালটি চালু করা হলে আমাদের আর দূরে যেতে হতো না। এখন অসুস্থ হলে উপজেলা বা জেলা শহরের হাসপাতালে যেতে হচ্ছে। এতে যেমন একদিকে সময় নষ্ট হচ্ছে, অন্যদিকে কয়েকগুণ বেশি টাকা খরচ হচ্ছে।”

হোসনে আরা নামের এক নারী বলেন, “শুনেছি আমাদের এই হাসপাতাল করতে অনেক টাকা লেগেছে। তবে এখন পর্যন্ত কোনো ডাক্তার এখানে আসতে দেখলাম না। তাহলে এখানে হাসপাতাল করে এলাকাবাসীর লাভ কী হলো? আমরা চাই, হাসপাতালটি দ্রুত চালু করা হোক।”

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডা. মো. কামরুজ্জামান বলেন, “হাসপাতালটি চালুর জন্য প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামের চাহিদাপত্র ইতোমধ্যে মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। প্রশাসনিক অনুমোদন পেলেই শিগগিরই হাসপাতাল চালুর ব্যবস্থা করা হবে।

হাসপাতালটি চালু হলে প্রতিমাসে অন্তত ১০ থেকে ১২ হাজার মানুষ নিয়মিত স্বাস্থ্যসেবা পাবেন, যা সীমান্তবর্তী এলাকার মানুষের চিকিৎসাসংকট অনেকাংশে কমিয়ে আনবে।”

শৈলকুপায় হাইব্রিড ধানের অধিক ফলন নিশ্চিতকরণ কর্মশালা

দেশে কৃষিপ্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় দিনব্যাপী আধুনিক কলাকৌশল প্রয়োগে হাইব্রিড ধানের অধিক ফলন নিশ্চিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২০মে) ব্র্যাক সিড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজের উদ্যোগে আয়োজিত কর্মশালার সভাপতিত্ব করেন ব্র্যাক সিডের ডিলার সুশান্ত কুমার প্যাল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ আরিফুজ্জামান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কৃষিবিদ মো:কামরুল হাসান।

কর্মশালায় আমন মৌসুমে ব্র্যাক সিডের উন্নত হাইব্রিড ধানের আধুনিক চাষাবাদ পদ্ধতি ও কলাকৌশল সহ অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন আঞ্চলিক ব্যবস্থাপক।

সার্বিক ভাবে সহযোগিতা করেন ব্র্যাক সিড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজের কোটচাঁদপুরের সিনিয়র টি এস ও মো: আল-আমিন।

দিনব্যাপী এই কর্মশালায় ৬০ জন নির্বাচিত কৃষককে হাইব্রিড ধান উৎপাদন পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়।

অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী কৃষকদের মাঝে ব্র্যাক হাইব্রিড-১০ ধানের বীজ বিতরণ করা হয়।

শৈলকুপায় মেছোবাঘ পিটিয়ে

হত্যা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় পথচারীর সঙ্গে মেছোবাঘের সংঘর্ষের জেরে মেছোবাঘটিকে পিটিয়ে হত্যা করেছে গ্রামবাসী।

বুধবার (২০ মে) উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের উত্তর-মির্জাপুর গ্রামে এ ঘটনা ঘটে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়,উপজেলার পুরাতন বাখরবাহ গ্রামের এক ব্যক্তি মোটরসাইকেলযোগে বাড়ি ফিরছিলেন। পথে উত্তর-মির্জাপুর গ্রামের বটতলা এলাকায় পৌঁছালে হঠাৎ একটি মেছোবাঘ তার মোটরসাইকেলের সামনে চলে আসে।

এতে মোটরসাইকেলের সঙ্গে প্রাণীটির সংঘর্ষ হলে চালক নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে ছিটকে পড়ে আহত হন। এ সময় মেছোবাঘটি আহত ব্যক্তির দিকে এগিয়ে এলে গ্রামবাসী লাঠিসোটা নিয়ে প্রাণীটিকে ঘিরে ফেলে এবং একপর্যায়ে পিটিয়ে হত্যা করে।

ঘটনার পর স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকেই ধারণা করছেন, আশপাশের ঝোপঝাড় কমে যাওয়া ও খাদ্য সংকটের কারণে মেছোবাঘটি লোকালয়ে চলে আসে।

এ বিষয়ে শৈলকুপা বন বিভাগের কর্মকর্তা মোখলেচুর রহমান বলেন,মুঠোফোনে ঘটনাটি জানতে পেরেছি। গ্রামবাসী মেছোবাঘটিকে পিটিয়ে মেরে ফেলেছে,যা অত্যন্ত দুঃখজনক। বন্যপ্রাণী লোকালয়ে দেখা গেলে আতঙ্কিত না হয়ে দ্রুত বন বিভাগকে খবর দেওয়ার আহ্বান জানান তিনি।

হরিণাকুণ্ডুতে ১০টি সরকারি

প্রাথমিক বিদ্যালয়ের ছাদ বাগান তৈরীর চেক বিতরণ

পরিবেশের ভারসাম্য রক্ষা ও শিক্ষার্থীদের পরিবেশপ্রেমী হিসেবে গড়ে তুলতে ঝিনাইদহের হরিণাকুণ্ডুর কয়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাদ বাগান তৈরীতে চেক বিতরণ করা হয়েছে।

বুধবার (২০ মে) সকালে উপজেলার চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ে শের আলী ফাউন্ডেশনের উদ্যোগে প্রতিষ্ঠান প্রধানদের মাঝে এ চেক বিতরণ করা হয়।

অনুষ্ঠানে হরিণাকুন্ডু উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার হাসান মাসুদ, শের আলী ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক জাহিদ হাসান, চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মজিদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সেসময় উপজেলার ভাতুড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের হাতে ৫ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়।

আয়োজকরা জানান, বিদ্যালয়গুলোতে ছাদ বাগান তৈরির মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে পরিবেশ সচেতনতা বৃদ্ধি, সবুজায়ন সম্প্রসারণ এবং প্রকৃতির প্রতি ভালোবাসা তৈরি করাই এ উদ্যোগের মূল উদ্দেশ্য।

চিকিৎসকের উপর হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

শরীয়তপুরে ডা নাসির ও রাজধানীর স্কয়ার হাসপাতালে ডা: রায়হান রাব্বানীর উপর হামলার প্রতিবাদ ও দোষীদের আইনের আওতায় আনার দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

বুধবার দুপুরে ঝিনাইদহ সদর হাসপাতালের সামনে এ কর্মসূচির আয়োজন করে ডক্টরস এসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব)।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে ডাবের নেতৃবৃন্দসহ জেলায় কর্মরত চিকিৎসকরা অংশ নেন। ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে ঝিনাইদহ সদর হাসপাতালের তত্বাবধায়ক ডা: মুস্তাফিজুর রহমান, ড্যাব জেলা শাখার সিনিয়র নেতা ডা: হাসানুজ্জামান, আজীবন সদস্য ডা: আব্দুল খালেক, সদর হাসপাতালেল শিশু কনসালটেন্ট ডা: আনোয়ারুল ইসলাম, ড্যাবের আজীবন সদস্য ডা: মোকাররম হোসেন, ডা: রেজাউল ইসলাম, ডা: আরাফাত রহমান, ডা: জাকির হেসেন, মনিরুল ইসলাম, শুভসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, চিকিৎসকদের উপর হামলার প্রতিবাদ জানিয়ে দ্রুত হামলার সাথে জড়িতদের আইনের আওতায় আনার দাবী জানান। একইসাথে স্বাস্থ্য সুরক্ষা আইনের দাবিও জানান তারা।

কোটচাঁদপুরে তিনদিনব্যাপী ভূমি সেবা মেলার উদ্বোধন

“জনবান্ধব অটোমেটেড ভূমি ব্যবস্থাপনা: সুরক্ষিত ভূমি, সমৃদ্ধ ভবিষ্যৎ” এই স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের কোটচাঁদপুরে তিনদিনব্যাপী ভূমি সেবা মেলা শুরু হয়েছে।

মঙ্গলবার সকালে সারাদেশে একযোগে প্রধানমন্ত্রী তারেক রহমান ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ মেলার শুভ উদ্বোধন ঘোষণা করেন। উদ্বোধনের পরপরই কোটচাঁদপুর উপজেলা ভূমি অফিসের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে স্থানীয় উদ্বোধনী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দীপা রাণী সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সোহেল হোসেন, কোটচাঁদপুর মডেল থানার তদন্ত কর্মকর্তা ও ভারপ্রাপ্ত ওসি আনছারুল্লাহ এবং উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপির সভাপতি সালাহ উদ্দিন বুলবুল সিডল, উপজেলার সাবেক চেয়ারম্যান ও জামায়াতে ইসলামীর উপজেলা আমির মাওলানা তাইজুল ইসলাম এবং পৌর আমির কাইয়ুম হোসেন।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের অ্যাম্বাসেডর হৃদয় আহমেদ।

কেন্দ্রীয় উদ্বোধনী পর্ব শেষে আমন্ত্রিত অতিথিরা কোটচাঁদপুর মেলা প্রাঙ্গণের বিভিন্ন স্টল ও বুথ পরিদর্শন করেন। এসময় উপজেলার বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, সাংবাদিক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মেলা পরিদর্শনকালে বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে দেশের ভূমি ব্যবস্থাপনাকে আধুনিক ও ডিজিটাল পদ্ধতিতে রূপান্তর করা হয়েছে। এই মেলার মাধ্যমে সাধারণ মানুষ কোনো ধরনের দালালের দৌরাত্ম্য বা হয়রানি ছাড়াই দ্রুততম সময়ে সেবা পাবেন।

মেলা প্রাঙ্গণে সরকার নির্ধারিত বিভিন্ন ফি যেমন নামজারি ফি, কোর্ট ফি ও রেকর্ড সংশোধন ফি ব্যানারের মাধ্যমে উন্মুক্তভাবে প্রদর্শন করায় সেবার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে বলেও জানান বক্তারা।

আয়োজক সূত্রে জানা গেছে, ১৯ মে থেকে শুরু হওয়া এ ভূমি সেবা মেলা আগামী ২১ মে পর্যন্ত প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। মেলার স্টলগুলোতে ই-নামজারি, স্মার্ট ভূমি উন্নয়ন কর প্রদানসহ ভূমি-সংক্রান্ত বিভিন্ন সেবা, তাৎক্ষণিক সমাধান ও আইনি পরামর্শ দেওয়া হবে।

ঝিনাইদহে শিক্ষক-কর্মচারীদের

স্মারকলিপি প্রদান

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ‘মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম’ প্রকল্পের শিক্ষক, শিক্ষিকা, কেয়ারটেকারসহ সংশ্লিষ্ট জনবলকে রাজস্ব খাতে স্থানান্তর এবং সরকারি গ্রেডে বেতন-ভাতা প্রদানের দাবি জানানো হয়েছে।

সোমবার (১৮ মে) দুপুরে কেন্দ্রীয় কর্মসুচির অংশ হিসেবে ঝিনাইদহ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এই দাবি উত্থাপন করেন প্রকল্পের শিক্ষক ও কর্মচারীরা। এর আগে তারা নিজেদের দীর্ঘদিনের বঞ্চনার কথা উল্লেখ করে ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ সাইফুর রহমানের কাছে একটি স্মারকলিপিও প্রদান করেন।

এ সময় মউশিক শিক্ষক কল্যান পরিষদের সাধারণ সম্পাদক হাফেজ মাওলানা ইমরান হোসেন, সহ-সভাপতি হাফেজ মাওলানা খায়রুল ইসলাম, মাওলানা আলী আজম, মাওলানা শিহাব উদ্দীন ও ফারুক হোসেন প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

লিখিত বক্তব্যে জানানো হয়, ১৯৯৩ সালে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার উদ্যোগে এই যুগান্তকারী শিক্ষা ও আর্থ-সামাজিক উন্নয়নমূলক প্রকল্পটি চালু হয়। প্রতিষ্ঠার পর থেকে দেশের শিক্ষা বিস্তার, নৈতিক মূল্যবোধের জাগরণ এবং নিরক্ষরতা দূরীকরণে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। ইতোমধ্যে অত্যন্ত সফলভাবে ৭টি পর্যায় সম্পন্ন করে প্রকল্পটি বর্তমানে ৮ম পর্যায়ে পদার্পণ করেছে।

বর্তমানে এই প্রকল্পে ঝিনাইদহের ৯০৭টি কেন্দ্রে সমপরিমান শিক্ষকসহ সারা দেশে ৭১,৯৪৯ জন শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারী নিয়োজিত আছেন। সংবাদ সম্মেলনে বক্তারা অভিযোগ করেন, দীর্ঘ বছর ধরে অত্যন্ত স্বল্প ভাতা এবং চরম অনিশ্চয়তার মধ্যে তারা সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে যাচ্ছেন।

সংবাদ সম্মেলনে বলা হয় শুধু পাঠদানই নয়, শিক্ষকরা সরকারি তহবিলে জাকাত প্রদানে মুসল্লিদের উৎসাহিত করেন এবং নিজস্ব উদ্যোগে জাকাত সংগ্রহ করে থাকেন। এছাড়া মাদক, বাল্যবিয়ে, সন্ত্রাস ও দুর্নীতির বিরুদ্ধে সামাজিক সচেতনতা সৃষ্টি, টিকাদান কর্মসূচি বাস্তবায়নসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ বার্তা তারা কোনো পারিশ্রমিক ছাড়াই মাঠপর্যায়ে সাধারণ মানুষের কাছে পৌঁছে

দিচ্ছেন। অথচ অবহেলা আর অবমূল্যায়নের কারণে বর্তমানে তাদের নিজেদের জীবনই চরম নিরাপত্তাহীনতায় ভুগছে।

সংবাদ সম্মেলন এই মহৎ ও সফল প্রকল্পটি দ্রুত রাজস্ব খাতে স্থানান্তর, সকল শিক্ষক-শিক্ষিকা, কেয়ারটেকার ও সংশ্লিষ্ট জনবলকে সরকারি গ্রেড অনুযায়ী বেতন-ভাতা প্রদান ও চাকরি স্থায়ী করার মাধ্যমে তাদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করার দাবী করে শিক্ষক-কর্মচারীদের এই মানবিক ও যৌক্তিক দাবি পূরণে সংশ্লিষ্ট সকল মহলকে দ্রুত ও কার্যকর পদক্ষেপ গ্রহণের জোর আহ্বান জানানো হয়।

জেলা প্রশাসকের দপ্তর ছাড়াও ঝিনাইদহজেলার অন্যান্য উপজেলা নির্বাহী অফিসারের নিকটেও এই স্মারকলিপি প্রদান করা হয়।

ঝিনাইদহে ধান উড়াতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে স্বামী- স্ত্রীর মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার গাগান্না গ্রামে ধান উড়ানোর ফ্যানে বিদ্যুতায়িত হয়ে স্বামী-স্ত্রীর মৃত্যু হয়েছে।

সোমবার (১৮ মে) সকাল ৬টার দিকে উপজেলার গাগান্না গ্রামের মজিবর খা (৫৫) ও তার স্ত্রী মোমেনা খাতুন (৪০) ধান উড়ানোর জন্য স্ট্যান্ড ফ্যানে সংযোগ দিতে যাচ্ছিল এসময় ফ্যানের পুরা বডিতে বিদ্যুৎ সংযোগ হয়ে যায় এসময় তার স্বামী ফ্যানের আঘাতে ছিটকে পড়লে স্ত্রী উদ্ধার করতে যায় এবস্থায় দুজনেই বিদ্যুতায়িত হয়ে এক সাথে মৃত্যু বরণ করেণ।

পারিবারিক ও স্থানীয় সূত্রে জানা যায়, আজ সোমবার ভোরের কুয়াশা কাটার আগেই মাঠের সোনালী ধান পরিষ্কার করার জন্য মজিবর খান ঘরের বৈদ্যুতিক ফ্যানটি ঠিক করতে যান। কিন্তু তিনি জানতেন না, ওই ফ্যানে সমস্যা আছে। ফ্যানে হাত দেওয়া মাত্রই বিদ্যুতের তীব্র আঘাতে ছটফট করে ওঠেন মজিবর।

ঠিক সেই মুহূর্তে, ঘরের ভেতর থেকে স্বামীর এই মরণ-চিৎকার শুনতে পান স্ত্রী মোমেনা খাতুন। চোখের সামনে নিজের জীবনের চেয়েও প্রিয় মানুষকে মৃত্যুর মুখে ছটফট করতে দেখে মোমেনা আর নিজের অস্তিত্বের কথা ভাবেননি। কোনোরকম আত্মরক্ষার চিন্তা না করে, স্বামীকে বাঁচানোর জন্য নিজের জীবন বাজি রেখে স্বামীকে টেনে তুলতে চেয়েছিলেন।

কিন্তুস্বামীকে তো ফেরানো গেলই না, উল্টো সেই মরণ-ফাঁদ কেড়ে নিল মোমেনার প্রাণও। আর সেই শেষ আলিঙ্গনাবদ্ধ অবস্থাতেই চিরতরে নিথর হয়ে গেল দুটি হৃদয়।

মুহূর্তের মধ্যে এই খবর ছড়িয়ে পড়লে স্তব্ধ হয়ে যায় পুরো এলাকা। বাবা-মায়ের এমন আকস্মিক ও বীভৎস মৃত্যুর খবর পেয়ে ছুটে আসে সন্তানরা। উঠোনে ছড়িয়ে থাকা ধান আর তার মাঝে শুইয়ে রাখা বাবা- মায়ের নিথর দেহের ওপর আছড়ে পড়ে তাদের বুক ফাটানো আর্তনাদ”ও আব্বা, ও আম্মা, তোমরা কথা কও না কেন? আমাদের একা থুয়ে তোমরা একসাথে কই চলে গেলা!” সন্তানদের এই গগনবিদারী আহাজারিতে সেখানে উপস্থিত শত শত প্রতিবেশীর চোখ ফেটে জল নেমে আসে ।

সোনার ফসল ঘরে তোলার আনন্দকে এক নিমেষে এক বুক বিষাদে পরিণত করে, সন্তানদের বুকে এক জনমের শূন্যতা এঁকে দিয়ে মজিবর ও মোমেনা চলে গেলেন এক অন্তহীন না ফেরার দেশে। গাগান্না গ্রামের প্রতিটি ঘরে আজ উনুন জ্বলেনি, বিষাদের এক কাল মেঘ যেন থমকে আছে পুরো জনপদ।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আসাদুজ্জামন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন বিদ্যুস্পষ্টে আজ সকালে গাগান্না গ্রামের মজিবর খা ও তার স্ত্রী নিহত হয়েছেন বলেন জেনেছি।

ছাত্রদলের নবগঠিত কমিটিকে

স্বাগত জানিয়ে ঝিনাইদহে আনন্দ মিছিল

‎ঝিনাইদহ জেলা ছাত্রদলের নবগঠিত কমিটিকে স্বাগত জানিয়ে শহরে আনন্দ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকাল সাড়ে ৫টায় ঝিনাইদহ শহরের পয়রা চত্ত্বর থেকে আনান্দ মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্ত্বরে এসে শেষ হয়।

‎জেলা ছাত্রদলের নবগঠিত কমিটির সভাপতি মো. ইমরান হোসেন, সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেল ও সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান এবং ঝিনাইদহ সরকারি কেসি কলেজ ছাত্রদলের সভাপতি বাবর আলী মাফুজ ও ঝিনাইদহ কলেজ ছাত্রদলের সভাপতি সাকিব হোসেনসহ বিভিন্ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মীরা এসময় আনন্দ মিছিলে যোগ দেন।

‎‎সমাবেশ থেকে বক্তারা কেন্দ্রীয় ছাত্রদলকে ধন্যবাদ জানান এবং আগামী দিনে রাজপথের আন্দোলনে ঐক্যবদ্ধ থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

‎উল্লেখ্য, এরআগে গত ১২ মে মো. ইমরান হোসেন সভাপতি এবং শাহরিয়ার রাসেলকে সাধারণ সম্পাদক করে ঝিনাইদহ জেলা ছাত্রদলের নতুন কমিটি ঘোষণা করে ছাত্রদলের কেন্দ্রীয় সংসদ।